দৈনিক বাংলা

তারিখ 04 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৬

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## প্রথম বর্ষ স্নাতক ( সম্মান) শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

**১। ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতাঃ**

(ক) কেবল ১৯৯১ এবং ১৯৯২ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রী ভর্তির জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবে।

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে।

(গ) জি,সি,ই 'ও' – লেভেলে অন্ততঃ ৩ (তিন) টি বিষয়ে এবং 'এ' – লেভেলে অন্ততঃ ২(দুই) টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাঁদেরকে উভয় লেভেলের মোট ৫ (পাঁচ)টি বিষয়ের মধ্যে যে কোন ৩ (তিন) টি বিষয়ে ন্যূনপক্ষে বি-গ্রেড এবং অন্য ২ (দুই) টি বিষয়ে সি-গ্রেড প্রাপ্ত হতে হবে।

| ইউনিট/বিভাগের নাম | মাধ্যমিক/সমমানের ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম নম্বর | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় যে বিষয় বা বিষয় সমূহে প্রাপ্ত ন্যূনতম নম্বর |
|---|---|---|
| **ক– ইউনিটঃ (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ)** | | |
| ইলেকট্রনিক্সঃ | মোট ১১০০ নম্বর। | পদার্থবিজ্ঞানে এবং গণিতে ৫০% নম্বর। |
| গণিতঃ | মোট ১১০০ নম্বর। | গণিতে ৫০% নম্বর। |
| পদার্থবিজ্ঞানঃ | মোট ১১০০ নম্বর। | পদার্থবিজ্ঞানে এবং গণিতে ৫০% নম্বর। |
| পরিসংখ্যানঃ | মোট ১১০০ নম্বর। | (ক) পরিসংখ্যানে ৫৫% নম্বর এবং গণিতে ৪৫% নম্বর অথবা (খ) পরিসংখ্যান না থাকলে গণিতে ৫০% নম্বর। (পরিসংখ্যান বিভাগের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র গণিত বিষয়ের উপর প্রণীত হবে)। |
| ভূতাত্ত্বিক বিজ্ঞানঃ | মোট ১১০০ নম্বর। | গণিতে এবং পদার্থবিজ্ঞানে ৫০% নম্বর। |
| রসায়নঃ | মোট ১১০০ নম্বর। | রসায়নে ৫৫% নম্বর এবং গণিতে ৪০% নম্বর। |
| **খ– ইউনিটঃ (সমাজ বিজ্ঞান অনুষদ)** | | |
| অর্থনীতিঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১১০০ নম্বর। | (ক) গণিতে ৪৫% নম্বর |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক/বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) অর্থনীতিতে ৪৫% নম্বর। |
| নৃবিজ্ঞানঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান শাখা এবং গার্হস্থ্য বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের মোট ১১০০ নম্বর। | (ক) নৈর্বাচনিক বিষয়ের যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক/বাণিজ্য/কৃষি শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) পৌরনীতি/অর্থনীতি/ইতিহাস/যুক্তিবিদ্যার যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| ব্যবসায় প্রশাসনঃ | উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান/মানবিক/বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১২০০ নম্বর। | বিজ্ঞান শাখাঃ গণিতে ৫০% নম্বর, বাণিজ্য শাখাঃ হিসাব বিজ্ঞানে ৫০% নম্বর এবং মানবিক শাখাঃ অর্থনীতিতে ৫০% নম্বর। |
| ভূগোলঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান/কৃষি শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১১০০ নম্বর। | ক) বিজ্ঞান শাখাঃ ভূগোলে ৪৫% নম্বর অথবা ভূগোল না থাকলে নৈর্বাচনিক বিষয়ের যে কোন একটিতে ৫০% নম্বর। কৃষি শাখাঃ কৃষি বিজ্ঞানে ৫০% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) মানবিক শাখাঃ ভূগোলে ৪৫% নম্বর অথবা ভূগোল না থাকলে নৈর্বাচনিক বিষয়ের যে কোন একটিতে ৫০% নম্বর। |
| সরকার ও রাজনীতিঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান/কৃষি শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১১০০ নম্বর। | (ক) নৈর্বাচনিক বিষয়ের যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক/বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) পৌরনীতি/অর্থনীতি/ইতিহাস/যুক্তিবিদ্যার যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| **গ– ইউনিটঃ (কলা ও মানবিকী অনুষদ)** | | |
| ইতিহাসঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ৯০০ নম্বর। | (ক) ইতিহাস/ ইসলামের ইতিহাসের যে কোন একটিতে ৪৫% নম্বর অথবা ইতিহাস/ইসলামের ইতিহাস না থাকলে বাংলা/ইংরেজীর যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) ইংরেজী/বাংলার যে কোন একটিতে ৪৫% |
| ইংরেজীঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ৯০০ নম্বর। | (খ) ইংরেজীতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) ইংরেজীতে ৪৫% নম্বর। |
| দর্শনঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ৯০০ নম্বর। | (ক) বাংলা/ইংরেজী/যুক্তিবিদ্যা / মনোবিজ্ঞানের যে কোন একটিতে ৪৫% নম্বর |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) ইংরেজী/বাংলার যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| নাটক ও নাট্যতত্ত্বঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ৯০০ নম্বর। | (ক) বাংলা/ইংরেজীর যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) বাংলা/ইংরেজীর যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| প্রত্নতত্ত্বঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ৯০০ নম্বর। | (ক) ইতিহাস/ইসলামের ইতিহাসের যে কোন একটিতে ৪৫% নম্বর। অথবা ইতিহাস/ইসলামের ইতিহাস না থাকলে বাংলা/ইংরেজী/ ভূগোলের যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) বাংলা/ইংরেজীর যে কোন একটিতে ৪৫% নম্বর। |
| বাংলাঃ | (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মানবিক শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোটঃ ৯০০ নম্বর। | (ক) বাংলায় ৪৫% নম্বর। |
| | (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান ও অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্যঃ মোট ১০০০ নম্বর। | (খ) বাংলায় ৪৫% নম্বর। |
| **ঘ– ইউনিটঃ (প্রাণবিজ্ঞান ইনস্টিটিউট)** | | |
| উদ্ভিদবিজ্ঞান | মোট ১১০০ নম্বর। | জীববিদ্যায় ৫০% নম্বর। |
| প্রাণিবিজ্ঞান | মোট ১১০০ নম্বর। | জীববিদ্যায় ৫০% নম্বর। |
| ফার্মেসীঃ | মোট ১১০০ নম্বর। | রসায়নে ৫০% নম্বর এবং অতিরিক্ত কিংবা আবশ্যিক বিষয় হিসাবে জীববিদ্যা ও গণিত থাকতে হবে। |

*প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রী একাধিক ইউনিটে এবং প্রতি ইউনিটের অনূর্ধ্ব ৩ (তিন) টি বিষয়ে আবেদন করতে পারবে। বিভাগের জন্য নির্ধারিত ভর্তির শর্তসমূহ কোন অবস্থাতেই শিথিলযোগ্য নয়।*

**২। ভর্তির জন্য আবেদনপত্র জমা ও গ্রহণ**

(ক) ১০-৩-৯৩ তারিখ থেকে ৩-৪-৯৩ তারিখ পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখায় এবং উক্ত ব্যাংকের ঢাকাস্থ নিউ মার্কেট, গ্রীণ রোড, ফার্মগেট, ওয়াসা (কাওরান বাজার), বঙ্গবন্ধু অ্যাভিনিউ, ওয়াপদা (মতিঝিল) ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শাখায় প্রতি ইউনিট ভর্তির আবেদন পত্র ও ভর্তি নির্দেশিকার মূল্য বাবদ ১০০ (একশত) টাকা জমা দিয়ে ভর্তির আবেদন পত্র ও নির্দেশিকা সংগ্রহ করা যাবে। যথাযথভাবে নিজ হাতে পূরণকৃত আবেদন পত্র ১০-৩-৯৩ থেকে ৫-৪-৯৩ পর্যন্ত প্রতিদিন বেলা ২টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) নিম্নলিখিত অফিসসমূহে জমা দেয়া যাবে।

| আবেদনপত্র | অফিসের নাম |
|---|---|
| ক-ইউনিটের আবেদনপত্র | ডীন অফিস, গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ |
| খ-ইউনিটের আবেদনপত্র | ডীন অফিস, সমাজ বিজ্ঞান অনুষদ |
| গ-ইউনিটের আবেদনপত্র | ডীন অফিস, কলা ও মানবিকী অনুষদ |
| ঘ-ইউনিটের আবেদনপত্র | পরিচালক অফিস, প্রাণবিজ্ঞান ইনস্টিটিউট |

(খ) ভর্তির প্রাথমিক আবেদনপত্র পূরণ, জমা ভর্তির জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা এবং নির্বাচন সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য ভর্তির নির্দেশিকা থেকে জানা যাবে।

(গ) লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী যথাসময়ে সংবাদ পত্রের মাধ্যমে জানান হবে। ভর্তির আবেদনপত্র সংগ্রহ, জমা, ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ এবং ভর্তি হওয়ার সময় ছাত্র-ছাত্রী এবং/অথবা তাদের অভিভাবকদের যাতায়াতের ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার যানবাহনের ব্যবস্থা করবে না।

(মুহাম্মাদ আবদুল গফুর)
উপ-রেজিষ্টার (শিক্ষা)

ক-৬৩০